বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd


সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/০৭ তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস(IOSCO) এর এশিয়া প্যাসিফিক রিজিওনাল কমিটি(APRC)-তে দ্বিতীয়বারের মতো সহ-সভাপতি(Vice Chair) পদে নির্বাচিত হয়েছেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস(IOSCO) এর সেক্রেটারি জেনারেল অদ্য বিষয়টি ই-মেইল এর মাধ্যমে অফিশিয়ালি নিশ্চিত করেছেন। এই পদে বিনা প্রতিদ্বন্দিতায় অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম নিযুক্ত হলেন। তিনি ২০২৪-২০২৬ সাল সময়কালে উক্ত পদে দায়িত্ব পালন করবেন যার মেয়াদ মে ২০২৪ এ গ্রীসে অনুষ্ঠিতব্য IOSCO এর Annual Conference থেকে শুরু হবে। উল্লেখ্য, তিনি ২০২২-২৪ সাল সময়কালেও সফলতার সাথে উক্ত পদে দায়িত্ব পালন করেছেন।

একইসাথে এই সময়কালে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম IOSCO বোর্ড এর সদস্য হিসাবে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করবেন।

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস(IOSCO) এর গুরুত্বপূর্ণ পদে বাংলাদেশের অবস্থান পুনরায় নিশ্চিত হওয়ায় আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের পুঁজিবাজারের অবস্থান আরো সুদৃঢ় হবে। সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রকসংস্থাদের নিয়ে গঠিত আন্তর্জাতিক এই সংগঠনে এমন অর্জন অত্যন্ত মর্যাদার ও সম্মানের। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ২০১৩ সাল থেকে IOSCO এর সর্বোচ্চ মান ‘A’ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত রয়েছে।



মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র